

৩০/০৪/২০১৮খ্রিঃ তারিখের ১৩.০১.০০০০.০৯১.৪৭.০১১.১৮.৭৮৭নং স্মারকে ৫০,০০,০০০ (পঞ্চাশ লাখ) পিস হেসিয়ান নতুন বস্তা ক্রয়ের জন্য আহত দরপত্রের বিষয়ে ১৫/০৫/২০১৮ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত Pre-Tender সভার কার্যবিবরণী :


স্থান : অতিরিক্ত পরিচালক, সংগ্রহ এর অফিস কক্ষ  
তারিখ : ১৫/০৫/২০১৮ইং।  
সময় : বেলা ১১.৩০ টা।  
সভাপতি : জনাব মোঃ আমজাদ হোসেন  
অতিঃ পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

সভায় উপস্থিত দরপত্র সিডিউল ক্রয়কারী/সম্ভাব্য দরদাতাদের হাজিরা বিবরণী পরিশিষ্ট-১ এ দেখানো হলোঃ

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি উপস্থিত সম্ভাব্য দরদাতা/প্রতিনিধিগণের নিকট Pre-Tender সভা আহবানের প্রেক্ষাপট তুলে ধরেন। দরপত্র সিডিউল অনুযায়ী দরপত্র দাখিলের পদ্ধতি, শর্ত ও দরপত্রের সাথে চাহিত কাগজপত্র সম্পর্কে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয় :

- ১। দরপত্র সিডিউলের ITT-21.1(l) এর (6) এবং 8(iii) এ উল্লেখিত দরদাতা প্রতিষ্ঠান এবং ম্যানুফ্যাকচারিং কোম্পানী উভয়েরই ২০১৬-১৭ করবর্ষ/Assessment year পর্যন্ত আয়কর পরিশোধিত থাকতে হবে।
- ২। সভায় উপস্থিত দরপত্র সিডিউল ক্রয়কারী প্রতিষ্ঠান সমূহ দরপত্র সিডিউলে ট্রেডার্সদের ক্ষেত্রে অথরাইজেশনকারী মিলের কাছ থেকে যে Manufacturer's Authorisation Letter (Form PG3 - 6) দাখিল করার শর্ত রয়েছে তা ১০ লাখ পিস এর অধিক বস্তা সরবরাহের অভিজ্ঞতা সম্পন্ন ট্রেডার্সদের ক্ষেত্রে পরবর্তীতে আহবানকৃত দরপত্রে বাতিল করার প্রস্তাব করা হয়। এ ক্ষেত্রে CPTU কর্তৃক প্রণীত দরপত্র তফসিলের ITT-28.1(f) এবং ITT-31.3 তে Manufacturer's Authorisation Letter (Form PG3 - 6) দাখিলের বাধ্যবাধকতা থাকায় উপস্থিত দরপত্র সিডিউল ক্রয়কারীদের দেয় প্রস্তাব গ্রহণের সুযোগ নেই।
- ৩। পিপিআর ২০০৮ এর বিধি ২৬ এর ৩ ও ৪ এর শর্ত অনুযায়ী ক্রয়কারী কর্তৃক মূল্যায়ন প্রতিবেদন অনুমোদনের পর মূল্যায়িত গ্রহণযোগ্য ১ম ২য় এবং ৩য় সর্বনিম্ন দরপত্রের জামানত ব্যতীত অন্যান্য মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রদাতাদের দরপত্র জামানত, ধারা ৫৩ এর বিধান সাপেক্ষে, তাহাদের আবেদনের প্রেক্ষিতে, ফেরত দেওয়া যাইবে এবং সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য দরপত্রের দরপত্রদাতার সহিত চুক্তিস্বাক্ষরের পরেই কেবল অবশিষ্ট দরপত্রসমূহের দরপত্র জামানত ফেরত দেওয়া যাইবে, তবে সকল ক্ষেত্রেই দরপত্র জামানত বৈধতার মেয়াদ উত্তীর্ণ হওয়ার পূর্বেই ফেরত দিতে হইবে।

উপস্থিত সম্ভাব্য দরদাতাগণের দরপত্রের বিষয়ে আর কোন অস্পষ্টতা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

  
(মোঃ আমজাদ হোসেন)  
অতিরিক্ত পরিচালক, সংগ্রহ বিভাগ  
খাদ্য অধিদপ্তর, ঢাকা।